বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর
পানি ভবন, ৭২ গ্রীণ রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd email: dir.estate@bwdb.gov.bd

স্মারক নং- ৪২.০১.০০০০.০২৫.২৬.৩৭.০০১.২০- ২৭৫

তারিখঃ ২৪-১০-২০২১খ্রিঃ

## -ঃ অফিস আদেশ ঃ-

গ্রীনরোডস্থ পানি ভবন ক্যাম্পাসের বেইসমেন্টে প্রবেশের রাস্তাসহ বেইসমেন্ট এর ভিতরের রাস্তায়, পানি ভবনের অভ্যন্তরে চলাচলকারী রাস্তায় এবং পানি ভবনে প্রবেশের মুখে গাড়ী/মোটরসাইকেল পার্কিং করে রাখার কারনে ২৫/০৪/২০২১ খ্রিঃ তারিখে অত্র দপ্তর হতে এভাবে যত্রতত্র পার্কিং না করার জন্য একটা সার্কুলার জারী করা হয়। কিন্তু ইদানিং আবার লক্ষ্য করা যাচ্ছে যে, পানি ভবন ক্যাম্পাসের বেইসমেন্টে প্রবেশের রাস্তাসহ বেইসমেন্টের ভিতরের রাস্তায়, পানি ভবনের অভ্যন্তরে চলাচলকারী রাস্তায় এবং পানি ভবনে প্রবেশের মুখে পুনরায় গাড়ী পার্কিং করা হচ্ছে।

পানি ভবন ক্যাম্পাসে যত্রতত্র পার্কিং এর কারনে ১৮/০৯/২০২১ তারিখ (শনিবার) পানি ভবনে অনুষ্ঠিত মতবিনিময় সভায় আগত মন্ত্রীপরিষদ সচিব সহ সরকারের উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের গাড়ী সমূহ চলাচলে ভীষন রকম বিঘ্ন ঘটায় মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয় অসন্তোষ প্রকাশ করেন।

বর্ণিত অবস্থায়, পানি ভবনে প্রবেশকারী গাড়ী সমূহ পানি ভবন প্রাঙ্গনের রাস্তায়, ভবনে প্রবেশের প্রধান গেট এবং বেইসমেন্টে চলাচলের রাস্তায় কোন অবস্থাতেই পার্কিং করা যাবে না। এ আদেশ লঙ্ঘনকারীর বিরুদ্ধে বিভাগীয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

২। মহাপরিচালক মহোদয়ের নির্দেশক্রমে এ আদেশ জারী করা হলো।

২৪/১০/২১

(মোঃ আনোয়ারুল কামাল)
পরিচালক
সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর
বাপাউবো, ঢাকা।

স্মারক নং- ৪২.০১.০০০০.০২৫.২৬.৩৭.০০১.২০- ২৭৫

তারিখঃ ২৪-১০-২০২১খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, ওয়াপদা ভবন (৩য় তলা), বাপাউবো, ঢাকা।

২। সচিব, পানি ভবন (লেভেল-৭), বাপাউবো, ঢাকা।

৩। পরিচালক, নিরাপত্তা ও গোয়েন্দা পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। তাঁর দপ্তরের দপ্তরাদেশ নং-পাউবো/নিরা ও গো/নথি-৫০৪/২০২১/৩৯৪, তারিখঃ ৩১-০৩-২০২১ খ্রিঃ অনুযায়ী পানি ভবনের গাড়ীসমূহ পার্কিং এর শৃংখলায় নিয়োজিত নিরাপত্তা প্রহরীদেরকে যথাযথ দায়িত্ব পালন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪। সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (দপ্তরাদেশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৬। সহকারী প্রকৌশলী (যানবাহন), সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। (বিষয়টি মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো)

৭। উপ-সহকারী প্রকৌশলী (যানবাহন), সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। (গাড়ীচালক গণকে অবহিত করার জন্য)।

৮। গাড়ীচালক, জনাব.................................................................................................................

৯। নোটিশ বোর্ড।

১০। দপ্তর কপি/মাস্টার কপি।

২৪/১০/২০২১ খ্রিঃ

(মোঃ আব্দুস ছাত্তার)
উপ-পরিচালক (যান)
সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর
বাপাউবো, ঢাকা।

F:\Hitlar\Office Order\Order_Final.docx